## ১.২ নামজারি ও জমাভাগ/জমা একত্রিকরণের আদেশের রিভিউ:

**সেবা প্রদান পদ্ধতি (সংক্ষেপে):**

আবেদন প্রাপ্তির পর প্রতিবেদন দাখিলের জন্য ইউনিয়ন ভূমি অফিসে প্রেরণ করা হয়। আবেদনের বিষয়ে ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা আবেদনের যথার্থতা যাচাই এবং রেকর্ডপত্র যাচাই-বাছাই করে প্রতিবেদন দাখিল করেন। প্রতিবেদনপ্রাপ্তির পর শুনানির তারিখ/দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণকে অবহিত করা হয়। ধার্য তারিখে শুনানি অন্তে সিদ্ধান্ত দেওয়া হয়। আবেদন গ্রহণযোগ্য হলে জমাখারিজের রিভিউ আদেশ প্রদান করা হয়। বিপরীতক্রমে আবেদন অগ্রহণযোগ্য হলে তা আবেদনকারীকে জানিয়ে দেওয়া হয়। সরকারি সম্পত্তি বা অধিগৃহীত সম্পত্তি হলে বা আদালতের নিষেধাজ্ঞা থাকলে ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার প্রতিবেদন ব্যতিরেকে শুধু দাখিলকৃত দলিলাদি/ কাগজপত্র বিবেচনা করে ও শুনানি গ্রহণান্তে জমাখারিজের আদেশ রিভিউ করা হয়ে থাকে। যে খতিয়ান বাতিলের রিভিউ করা হবে সেই খতিয়ানের মালিকের শুনানী গ্রহণ ব্যতিত রিভিউ আদেশ প্রদান করা হয়না। পূর্বের নামজারীর মাধ্যমে খতিয়ানের মালিক নোটিশ গ্রহণ না করলে নির্ধারিত পদ্ধতিতে নোটিশ জারি করে শুনানীর কার্যক্রম গ্রহণ করা হয়ে থাকে।

**সেবা প্রাপ্তি সময়:** সাধারণত ৪৫-৬০ দিন

**প্রয়োজনীয় ফি:**

১। আবেদন ফি (কোর্ট ফি)- ২০ টাকা;
২। খতিয়ান ফি (প্রতি কপি)- ১০০ টাকা (খতিয়ান প্রদান প্রয়োজন হলে)।

**সেবা প্রাপ্তির স্থান:** উপজেলা/রাজস্ব সার্কেল ভূমি অফিস

**দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী:** সহকারী কমিশনার (ভূমি), নামজারি সহকারী

**প্রয়োজনীয় কাগজপত্র:**

১। সর্বশেষ নামজারি ও জমাভাগ/জমা একত্রিকরণের খতিয়ান (প্রযোজ্য ক্ষেত্রে)
২। সংশ্লিষ্ট সর্বশেষ খতিয়ানের ফটোকপি/সার্টিফাইড কপি
৩। ওয়ারিশ সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) (অনধিক ০৩ মাসের মধ্যে ইস্যুকৃত)
৪। মূল দলিলের ফটোকপি/সার্টিফাইড কপি
৫। সর্বশেষ জরিপের পর থেকে আবেদনকারীর আবেদন পর্যন্ত সময় পর্যন্ত হস্তান্তরের বায়া/পিট দলিল
৬। হালনাগাদ ভূমি উন্নয়ন কর পরিশোধের দাখিলা
৭। আদালতের রায়/আদেশ/ডিক্রি থাকলে আদেশের সার্টিফাইড কপি
৮। আদালতের রায়/আদেশ/ডিক্রি থাকলে আরজির সার্টিফাইড কপি
৯। জমির চৌহদ্দিসহ কলমি নক্সা
১০। আবেদনকারীর জাতীয় পরিচয় পত্রের ফটোকপি
১১। আবেদনের সঙ্গে আবেদনকারীর সদ্য তোলা এক কপি পাসপোর্ট সাইজের ছবি;
১২। আবেদনকারীরি পক্ষে মনোনীত কোনো ব্যাক্তি শুনানীতে থাকতে চাইলে ছবিসহ হলফনামার কপি।

**সেবা প্রাপ্তির শর্তাবলি:** নামজারি আদেশের ৩০ কার্যদিবসের মধ্যে রিভিউ আবেদন দাখিল

**সংশ্লিষ্ট আইন ও বিধি:**

১। রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০
২। ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়াল, ১৯৯০
৩। ভূমি মন্ত্রণালয়ের ৩০ জুন ২০১৫ তারিখের ৩১.০০.০০০০.০৪২.০৪.০১৯.০৮-৫৯৮ নম্বর পরিপত্র

**সেবা প্রদানে ব্যর্থ হলে প্রতিকারকারী কর্মকর্তা:** জেলা প্রশাসক / অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)

## ৩.১২.২ প্রসেস ম্যাপ

### সেবার নাম: নামজারি ও জমাভাগ/জমা একত্রিকরণের আদেশের রিভিউ

